বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৭-২০১৮/ ৭৫৭(২২৫০) তারিখঃ ২৪-০৪-২০১৮

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ জালনোট প্রচলন প্রতিরোধ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট (জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ) হতে ০২ মার্চ, ২০১৮ খ্রীষ্টাব্দ/১৯ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ তারিখে জারীকৃত ডিসিএম (এফএন)ঃ১০ (সভা)/২০১৮-১১০২ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য অনুরোধ করা হলো (কপি সংযুক্ত)।

০২। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগন আলোচ্য পত্রের অনুচ্ছেদ ১ এ বর্ণিত নির্দেশনার আলোকে আইসিটি সিস্টেম বিভাগ কর্তৃক আপলোডকৃত আসল ব্যাংক নোটের নিরাপদ বৈশিষ্ট্য সম্বলিত পোস্টার ডিজাইন ডাউন লোড করে কমপক্ষে ১৯" X ২৪" সাইজে প্রয়োজনীয় সংখ্যক Panaflex প্রিন্ট করে শাখায় গ্রাহকদের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে সাঁটানো এবং একই সাথে পূর্বের প্রেরিত পুরাতন/জরাজীর্ণ পোস্টারগুলো সরিয়ে ফেলার জন্য সকল শাখা ব্যবস্থাপকগনকে নির্দেশনা প্রদানপূর্বক অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

০৩। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যস্থাপকগন নিয়মিত শাখা পরিদর্শনকালে জাল নোটের বিষয়টি অন্তর্ভূক্ত করে ত্রৈমাসিক ভিত্তিতে সকল শাখার জালনোট পরিদর্শন কার্যক্রম পরিচালনা করবেন এবং এতদবিষয়ে নিম্নলিখিত ছকে প্রতিবেদন প্রস্তুত করে ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন ।

বিভাগীয় কার্যালয় তাঁর বিভাগাধীন অঞ্চলসমুহের প্রাপ্ত আলোচ্য জালনোট সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে সমন্বিত আকারে অত্র বিভাগে প্রেরণ করবেন। উল্লেখ্য পরিদর্শনকালে জালনোট পাওয়া না গেলে শুণ্য প্রতিবেদন প্রেরণ করতে হবে। আলোচ্য প্রতিবেদন এপ্রিল-জুন/২০১৮ ত্রৈমাসিক হতে কার্যকর হবে। প্রতিবেদনের ছক নিম্নরূপ ঃ

ছক

| বিভাগীয় কার্যালয়ের নাম | মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের নাম | অঞ্চলাধীন শাখার সংখ্যা | পরিদর্শনকৃত শাখার সংখ্যা | জাল নোটের বিবরণ/বর্ণনা | প্রাপ্ত জালনোটের মোট টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| | | | | | |

আপনার বিশ্বস্ত,
২৪/০৪/১৮
(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
তারিখঃ ২৪-০৪-২০১৮

সংযুক্তি ০৩ (তিন) পাতা ও আসল ব্যাংক নোটের
নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ডিভিডি কপি।

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৭-২০১৮/ ৭৫৭(২২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১,২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা তাঁকে উপরোক্ত পত্রটি এবং সরবরাহকৃত পোস্টার ডিজাইনটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করে উক্ত ডিভিডি সংরক্ষণ করার জন্য অত্র বিভাগে ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৯। নথি/মহানথি।

২৪/০৪/১৮
(মোঃ জাকারিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

F:Khalafot/Circular

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

সূত্র নং- ডিসিএম(এফএন)ঃ ১০(সভা)/২০১৮-১১০২

তারিখঃ ১৯ চৈত্র, ১৪২৪
০২ মার্চ, ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৪, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**জালনোট প্রচলন প্রতিরোধ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।**

জালনোট প্রচলন প্রতিরোধ ও এতদবিষয়ে জনসচেতনতা বৃদ্ধির নিমিত্তে নিম্নোক্ত কার্যক্রমসমূহ গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হ'লঃ

১. জালনোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটির ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখের সভার কার্যবিবরণীর (কপি সংযুক্ত) ৫ নং অনুচ্ছেদে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনাদের ব্যাংকের ওয়েবসাইটে আসল ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিওচিত্র ও এতদসংক্রান্ত পোস্টার আপলোড করতঃ (ডিভিডি সংযুক্ত) অত্র বিভাগকে অবহিত করা;

২. উল্লিখিত কার্যবিবরণীর ৭ নং অনুচ্ছেদে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনাদের ব্যাংকের প্রধান কার্যালয় অথবা আঞ্চলিক কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে)-এর নিয়মিত পরিদর্শনসূচীতে জালনোটের বিষয়টি অন্তর্ভূক্ত করে ত্রৈমাসিক ভিত্তিতে সকল শাখায় জালনোট সংক্রান্ত পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা এবং এতদবিষয়ে একটি সমন্বিত প্রতিবেদন প্রস্তুত করে প্রতি ত্রৈমাসিক সমাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকায় প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং

৩. আসল ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত পোস্টারটি (এতদসংযুক্ত ডিভিডি হতে) কমপক্ষে ১৯´x ২৪´ সাইজে প্রয়োজনীয় সংখ্যক Panaflex প্রিন্ট করে আপনাদের সকল শাখায় গ্রাহকদের সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে সাঁটানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অত্র বিভাগকে অবহিত করা, আপনাদের ভবিষ্যত প্রয়োজন বিবেচনায় সফটকপিটি যথাযথভাবে সংরক্ষণ করা এবং বাংলাদেশ ব্যাংক হতে ইতিপূর্বে আপনাদের নিকট প্রেরিত পুরাতন/জরাজীর্ণ পোস্টারগুলো সরিয়ে ফেলা।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,

(কাজী আব্দুল মান্নান)
যুগ্ম-পরিচালক
ফোনঃ +৮৮০-২৫৫৬৬৫০০১-২০/২০৮৭২

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়,
ঢাকা ।

## জালনোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটির ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ।

জালনোটের প্রচলন রোধকল্পে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে পর্যালোচনা এবং কর্মকৌশল নির্ধারণের নিমিত্তে ১৩/১২/২০১৭ তারিখ সকাল ১১.৩০ টায় বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের (মূল ভবনের) ৪র্থ তলার মিনি কনফারেন্স রুমে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব শুভঙ্কর সাহা এর সভাপতিত্বে জালনোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটির সভা অনুষ্ঠিত হয় । সভায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ সদরদপ্তর, সিআইডি, এনএসআই, ডিজিএফআই, বিজিবি, পাবলিক প্রসিকিউটর, দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন বাংলাদেশ লিঃ, বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংক লিঃ এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। উপস্থিত প্রতিনিধিবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-'ক' তে সন্নিবেশ করা হলো ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন । বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা শেষে আলোচ্যসূচী অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | **জালনোট প্রতিরোধ আইন প্রণয়নঃ** সভাকে অবহিত করা হয় যে, জালনোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটির বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক জালনোট প্রতিরোধ আইনের খসড়াটিতে প্রয়োজনীয় সংশোধন করা হয় এবং বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী ও বাংলাদেশ ব্যাংকের লিগ্যাল রিটেইনার এর মাধ্যমে ২৪/০৯/২০১৭ তারিখে ভেটিং করা হয়। ভেটিংকৃত খসড়াটি বাংলাদেশ ব্যাংক পরিচালনা পর্যদকে অবহিত করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগে প্রেরণ করা হয় এবং এর অনুলিপি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। | খসড়াটি প্রস্তুত করার কাজে সহায়তা প্রদান ও অবদান রাখার জন্য খসড়া প্রণয়ন কমিটির সদস্যগণ (সংসদ বিষয়ক ও লেজিসলেটিভ বিভাগের উপ-সচিব জনাব জি এম আতিকুর রহমান জামালী, আইন ও বিচার বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ বুলবুল আহমেদ, এনএসআই এর যুগ্ম-পরিচালক জনাব বদরুল হাসান চৌধুরী এবং বাংলাদেশ ব্যাংকের দুইজন পদস্থ কর্মকর্তা) এর প্রতি ধন্যবাদ প্রকাশ করা হয়। | --- |
| ০২। | **আদালত কর্তৃক জালনোট সংক্রান্ত মামলা নিষ্পত্তিকরণঃ** সভায় আলোচিত হয় যে, নিষ্পত্তিকৃত জালনোট সংক্রান্ত মামলার সংশ্লিষ্ট কাগজপত্রে আসামীকে কোন সাজা দেয়া হয়েছে কি'না, সাজা দেয়া হয়ে থাকলে কী সাজা দেয়া হয়েছে- ইত্যাদি সংক্রান্ত তথ্যাদি অধিকাংশ মামলার ক্ষেত্রে সন্নিবেশ করা থাকেনা। | এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগকে বাংলাদেশ ব্যাংক অনুরোধ জানাবে। | বাংলাদেশ ব্যাংক এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। |

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

চলমান পাতা- ০২

| ক্রমিক নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৩। | পুলিশ কর্তৃক মামলার এজাহার প্রস্তুতঃ<br>সভাকে অবহিত করা হয় যে, জালনোট সংক্রান্ত কতিপয় মামলায় জালনোটের সংখ্যা অনেক হওয়া সত্ত্বেও আসামীকে খালাস দিয়ে দেয়া হয়েছে। এক্ষেত্রে উপস্থিত এডিশনাল পিপি মহোদয় জানান যে, কোন কোন ক্ষেত্রে জালনোটের নম্বর ও সিরিজসহ গুরুত্বপূর্ণ বিভিন্ন তথ্যাদি মামলার এজাহারে উল্লেখ থাকেনা। ফলে আসামীরা সহজেই খালাস পেয়ে যায়। | জালনোট সংক্রান্ত মামলার রায় প্রদানের ক্ষেত্রে মামলার এজাহার অতীব গুরুত্বপূর্ণ হওয়ায় জালনোটের নম্বর ও সিরিজ এবং অন্যান্য সরঞ্জামাদি (যদি থাকে) সহ জব্দ তালিকা, জালনোট জব্দ হওয়ার স্থান, আসামী ও সাক্ষীর পূর্ণাঙ্গ বিবরণ, ঠিকানা ও মোবাইল নম্বর ইত্যাদি গুরুত্বপূর্ণ তথ্যাদি সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তা কর্তৃক সন্নিবেশ করার জন্য বাংলাদেশ ব্যাংক পুলিশ হেডকোয়ার্টার্সকে অনুরোধ জানাবে। | বাংলাদেশ ব্যাংক<br>ও<br>পুলিশ হেডকোয়ার্টার্স |
| ০৪। | জালনোট প্রতিরোধ সংক্রান্ত আঞ্চলিক কমিটির সদস্যদের নিয়ে সভা অনুষ্ঠানঃ<br>সভায় আলোচিত হয় যে, জালনোট প্রতিরোধ সংক্রান্ত আঞ্চলিক কমিটি প্রতিটি জেলায় কার্যরত আছে। এসব আঞ্চলিক কমিটির সদস্যদের নিয়ে একদিনের একটি সেমিনার আয়োজন করা গেলে বিভিন্ন প্রতিষ্ঠানসমূহের জালনোট প্রতিরোধ কার্যক্রমে সমন্বয় সাধনসহ এ কাজটি আরো বেগবান করা সম্ভব হবে। | যে সকল জেলায় আঞ্চলিক কমিটিতে বাংলাদেশ ব্যাংক সরাসরি সম্পৃক্ত আছে সে সকল কমিটির সদস্যগণকে নিয়ে আগামী ফেব্রুয়ারী/১৮ অথবা মার্চ/১৮ মাসে একটি সেমিনার এর আয়োজন করা যায় কিনা সে বিষয়টি বাংলাদেশ ব্যাংক পর্যালোচনা করে দেখবে। | বাংলাদেশ ব্যাংক |
| ০৫। | বিভিন্ন ব্যাংকের ওয়েবসাইটে আসল ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য প্রদর্শনঃ<br>বিভিন্ন তফসিলী ব্যাংকের ওয়েবসাইটে আসল ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জালনোট প্রতিরোধ সংক্রান্ত কুষ্টিয়া আঞ্চলিক কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তটি বাস্তবায়ন করা গেলে ব্যাংকসমূহের ওয়েবসাইট ব্রাউজারগণ এ থেকে দারুণভাবে উপকৃত হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | সকল তফসিলী ব্যাংকের ওয়েবসাইটে আসল ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য প্রদর্শনের জন্য বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বাংলাদেশ ব্যাংক<br>ও<br>সকল তফসিলী ব্যাংক |
| ০৬। | মামলা রায়ের কপি উত্তোলনসহ অন্যান্য খরচ নির্বাহঃ<br>জালনোট সংক্রান্ত মামলার রায়ের কপি উত্তোলনসহ মামলা সম্পর্কিত বিভিন্ন তথ্য সংগ্রহের জন্য ব্যয়িত খরচ নির্বাহের কোন ব্যবস্থা না থাকায় এসব কার্যাদি সম্পাদন বিঘ্নিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। | জালনোট সংক্রান্ত মামলার রায়ের কপি উত্তোলনসহ মামলা সম্পর্কিত বিভিন্ন তথ্য সংগ্রহের জন্য ব্যয়িত খরচ নির্বাহের বিষয়টি বাংলাদেশ ব্যাংক পর্যালোচনা করবে। | বাংলাদেশ ব্যাংক |

চলমান পাতা/ ০৩

| ক্রমিক নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৭। | **তফসিলী ব্যাংকসমূহের আঞ্চলিক প্রধান কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে জালনোট সংক্রান্ত পরিদর্শনঃ** তফসিলী ব্যাংকের ব্যবস্থাপকগণ কর্তৃক তাদের স্ব স্ব ব্যাংক শাখার ভল্টে পরিদর্শন পরিচালনা করতঃ জালটাকার অনুপ্রবেশ যাচাইয়ের বিষয়ে লক্ষ্মীপুর আঞ্চলিক কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তটি বাস্তবায়ন করা গেলে ব্যাংকে জালনোটের অনুপ্রবেশ ঠেকানো সহজ হবে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। | তফসিলী ব্যাংকসমূহের আঞ্চলিক কার্যালয়সমূহ তাদের নিয়মিত পরিদর্শনসূচীতে জালনোটের বিষয়টি অন্তর্ভূক্ত করতঃ ত্রৈমাসিক ভিত্তিতে তাদের আওতাধীন প্রতিটি শাখায় জালনোট সংক্রান্ত পরিদর্শন কার্যক্রম পরিচালনা শেষে এতদবিষয়ে প্রতি ত্রৈমাসিক সমাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে একটি সমন্বিত প্রতিবেদন ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকায় প্রেরণ করবে। | সকল তফসিলী ব্যাংক। |

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

তারিখঃ ১৩/১২/২০১৭

(শুভঙ্কর সাহা)
সভাপতি
জালনোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটি
ও
নির্বাহী পরিচালক
বাংলাদেশ ব্যাংক,
প্রধান কার্যালয়,
ঢাকা ।

জাল ও অচল নোট প্রতিরোধ পর্যালোচনা কোষ

পরিশিষ্ট-'ক'

## জালনোট প্রচলন প্রতিরোধ সংক্রান্ত কেন্দ্রীয় কমিটির ১৩/১২/২০১৭ তারিখের পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা

০১. স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জনাব আবু হাসনাত মোঃ মঈনউদ্দিন, সিনিয়র সহকারী সচিব, জননিরাপত্তা বিভাগ

০২. র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন সদরদপ্তর (র‍্যাব)

জনাব মোহাম্মদ নূর আলম, অতিরিক্ত পুলিশ সুপার, ইন্টিলিজেন্স উইং

০৩. পুলিশ সদরদপ্তর

জনাব ইমরান রহমান, সহকারী পুলিশ সুপার

০৪. সিআইডি

জনাব মোহাম্মদ রুহুল কবীর খান, অতিরিক্ত পুলিশ সুপার (ফরেনসিক),

০৫. এনএসআই

জনাব বদরুল হাসান চৌধুরী, যুগ্ম-পরিচালক

০৬. ডিজিএফআই সদরদপ্তর

জনাব মোঃ মামুনুল হক, ইন্টিলিজেন্স অফিসার, কাউন্টার ইন্টিলিজেন্স ব্যুরো

০৭. বর্ডার গার্ড বাংলাদেশ

জনাব মজিবুর রহমান, সহকারী পরিচালক

০৮. জেলা ও দায়রা জজ আদালত, ঢাকা

এডভোকেট আনন্দ চন্দ্র বিশ্বাস, অতিরিক্ত পিপি

০৯. সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, ঢাকা

জনাব মোঃ আবদুর রহমান, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

১০. দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন বাংলাদেশ লিঃ

জনাব মোঃ মুসলিম মিয়া, উপ-মহাব্যবস্থাপক

১১. বাংলাদেশ ব্যাংক, মতিঝিল

জনাব মোঃ মাইজউদ্দীন, উপ-ব্যবস্থাপক

জনাব মোঃ এনামুল হক, সহকারী ব্যবস্থাপক

১২. বাংলাদেশ ব্যাংক, সদরঘাট

জনাব আলাউদ্দিন আল আজাদ, উপ-মহাব্যবস্থাপক

১৩. বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

জনাব সুলতান মাসুদ আহমেদ, মহাব্যবস্থাপক

জনাব মোঃ গোলাম মোস্তফা, উপ-মহাব্যবস্থাপক

জনাব কাজী আবদুল মান্নান, যুগ্ম-পরিচালক

জনাব রাফাত ফাতেমা, সহকারী পরিচালক